

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭২-আইন/২০২২/১৮৫-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৬-আইন/ ২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত-

- (ক) শিরনামা সংখ্যা S০১০ ও সেবার কোড S০১০.১০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “ইজারার মাধ্যমে বা অন্য কোনোভাবে” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) শিরনামা সংখ্যা S০১২ ও সেবার কোড S০১২.২০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“সিম কার্ড বা e-SIM সরবরাহকারী:

ব্যাখ্যা।- “সিম কার্ড বা e-SIM সরবরাহকারী” অর্থ পণের বিনিময়ে Subscriber's Identity Module (SIM) কার্ড, Removable User Identification Module (RUIM) কার্ড, embedded-SIM (e-SIM) বা অনুরূপ অন্য কোনো microchip সংবলিত কার্ডের মাধ্যমে সেলুলার (Mobile/ Fixed Wireless) টেলিফোন সংযোগ প্রদানকারী সংস্থা; এবং একই উদ্দেশ্য পূরণকল্পে, উল্লিখিত কার্ড ব্যতীত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোনো পদ্ধতি ব্যবহারও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।”;

- (গ) শিরনামা সংখ্যা S০২৬ ও সেবার কোড S০২৬.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “অলংকার” শব্দের পরিবর্তে “যে কোনো ধরনের পণ্য” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) শিরনামা সংখ্যা S০২৭ ও সেবার কোড S০২৭.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“বীমা কোম্পানি:

ব্যাখ্যা।- “বীমা কোম্পানি” অর্থ অগ্নি, নৌ, বিমান, মোটর, স্বাস্থ্যগত দুর্ঘটনাসহ অন্যান্য যে কোনো ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

- (ঙ) শিরনামা সংখ্যা S০৩৩ ও সেবার কোড S০৩৩.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ইজারাদার:

ব্যাখ্যা।- “ইজারাদার” অর্থ পণের বিনিময়ে কোনো স্থান বা স্থাপনার অথবা কোনো স্থাবর সম্পত্তি ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় বা অন্যবিধভাবে ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।”;

- (ঙ) শিরনামা সংখ্যা S০৯৯ ও সেবার কোড S০৯৯.১০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “Software Development and Customization,” শব্দগুলি ও চিহ্ন বিলুপ্ত হইবে; এবং
- (চ) শিরনামা সংখ্যা S০৯৯ ও সেবার কোড S০৯৯.৬০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “উৎপাদনকারী বা সেবা প্রদানকারীর” শব্দগুলির পরিবর্তে “উৎপাদনকারী বা সেবা প্রদানকারী বা ব্যবসায়ী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মুসক নীতি)